দৈনিক ইনকিলাব

তারিখ ··· 20 DEC 1994 ···
পৃষ্ঠা ৫ কলাম ৩

02

# শিক্ষাঙ্গন

## মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাধীনে কতিপয় বৈষম্য দূরীকরণের আবেদন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা-উত্তীর্ণদের জাতীয় কর্মকাণ্ডে সম্পৃক্ত করার মহৎ উদ্দেশ্য সম্মুখে রেখে দাখিল ও আলীম শ্রেণী সাধারণ শিক্ষা ব্যবস্থার যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর সমমান করা হয়েছে। সে জন্য সাধারণ শিক্ষা ব্যবস্থাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর সমমানের কতিপয় বিষয় যথাক্রমে দাখিল ও আলীম শ্রেণীর পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে, সাম্প্রতিক বছরগুলোয় দাখিল ও আলীম পরীক্ষা-উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা-উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মত উচ্চতর সাধারণ ও বৃত্তিমূলক শিক্ষা ক্ষেত্রে সমান সুযোগ-সুবিধা পাচ্ছে। এ সত্ত্বেও মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে নিম্নবর্ণিত অযৌক্তিক বৈষম্যগুলো দূর করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছিঃ

১। মাদ্রাসার ফাজিল শ্রেণীর কতিপয় পাঠ্য বিষয়ের পাঠ্যসূচী কলেজের ডিগ্রী শ্রেণীর কতিপয় পাঠ্য বিষয়ের পাঠ্যসূচীর সমমান হলেও ফাজিল পাস ছাত্র-ছাত্রীদের কলেজের ডিগ্রী পাস ছাত্র-ছাত্রীদের মত সংশ্লিষ্ট বিষয়গুলোতে সরাসরি এমএ পড়ার ও সরকারী ক্যাডার সার্ভিসের জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয় না।

২। বেসরকারী মাদ্রাসার আলীম শ্রেণীতে পৌরনীতি ও অর্থনীতির এবং ফাজিল শ্রেণীতে রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি পড়ানোর জন্য বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ডিগ্রীধারী শিক্ষক নিয়োগের বিধান থাকলেও তাদেরকে বেসরকারী কলেজের শিক্ষকদের মত সরকারী বেতন-ভাতা দেয়া হয় না। "শিক্ষা ভবন" থেকে যাদের সরকারী বেতন-ভাতার ব্যবস্থা হয়েছিল, শিক্ষা মন্ত্রণালয়ের নিরীক্ষা অধিদপ্তরের সাম্প্রতিককালে সমাপ্ত জরিপ প্রতিবেদন থেকে জানা যায়, তাদের গৃহীত টাকা সরকারী কোষাগারে ফেরত দিতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট মাদ্রাসার অন্যান্য শিক্ষক-কর্মচারীদের চলমান সরকারী বেতন-ভাতা বন্ধ হবে এবং গ্রহীতাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

৩। বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের সমান ডিগ্রীধারী, সমান বেতনক্রমভুক্ত ও সমমান বিষয়গুলোতে পাঠদানে অভিজ্ঞ বেসরকারী মাদ্রাসা শিক্ষকগণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে শিক্ষকতা করতে গেলে জ্যেষ্ঠতা নির্ধারণে তাদের অভিজ্ঞতা মূল্যায়ন করা হয় না। ফলে, মাদ্রাসার সাধারণ বিষয়ের শিক্ষকগণ সুযোগ পেলেই মাদ্রাসার চাকরি ছেড়ে সাধারণ শিক্ষা ব্যবস্থাধীন প্রতিষ্ঠানে অথবা অন্য চাকরিতে চলে যান এবং তাদের শূন্যস্থান পূরণের দীর্ঘমেয়াদী বিধান মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ায় ব্যাপক ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়।

৪। বেসরকারী দাখিল, আলীম ও ফাজিল মাদ্রাসাকে যথাক্রমে উচ্চ বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী কলেজের সমমান গণ্য করা হলেও ক্রমানুসারে প্রতিষ্ঠান প্রধানদের বেতন-ভাতার সমতা নেই।

—আজাদ মোহাম্মদ ইরফান আলী,
নওদা শালুয়া, সিরাজগঞ্জ।